পশ্চিমবঙ্গ রাজ্য নির্বাচন আয়োগ
১৮, সরোজিনী নাইডু সরণি, কলকাতা-১৭

নং. ৪৫০-এসইসি/৬ডি-৮/২০০৮ তারিখ : ১৮ই মার্চ, ২০০৮

<u>আদেশানামা</u>

১. যেহেতু, ভারতীয় সংবিধানের ২৪৩ কে (১) ধারা অনুসারে পঞ্চায়েত নির্বাচনের তত্ত্বাবধান, পরিচালন ও নিয়ন্ত্রণের দায়িত্ব রাজ্য নির্বাচন আয়োগের উপর ন্যস্ত, এবং

২. যেহেতু, 'নির্বাচন' কথাটির সাথে কতকগুলি পর্যায়ে বিন্যস্ত সমগ্র নির্বাচন পদ্ধতি যুক্ত যার মধ্যে এমন কিছু পদক্ষেপ রয়েছে যা প্রার্থী নির্বাচনে নির্বাচকদের কাছে খুবই গুরুত্বপূর্ণ, এবং

৩. যেহেতু, স্বচ্ছ নির্বাচনের ক্ষেত্রে প্রার্থীর কিছু তথ্য যেমন তার শিক্ষাগত যোগ্যতা, পেশা, তার আয় ও সম্পত্তির পরিমাণ, সরকার, ব্যাঙ্ক ও অন্যান্য আর্থিক সংস্থার কাছে ও পঞ্চায়েত সংস্থার কাছে তার দায় নির্বাচকদের প্রার্থী পছন্দের ক্ষেত্রে খুবই সহায়ক,

৪. অতএব, এমতাবস্থায় পশ্চিমবঙ্গ রাজ্য নির্বাচন আয়োগ, ভারতীয় সংবিধানের ২৪৩ কে ক্ষমতাবলে সমগ্র পঞ্চায়েত নির্বাচনের তত্ত্বাবধান, পরিচালন ও নিয়ন্ত্রণের জন্য নিম্নলিখিত আদেশানামা মেনে চলার জন্য নির্দেশ জারি করছে : -

(ক) পঞ্চায়েত নির্বাচনে প্রত্যেক প্রার্থী মনোনয়নপত্র জমা দেওয়ার সময় নিজের সম্পর্কে সম্পূর্ণ তথ্য ঘোষণাপত্রের আকারে জমা দেবেন। আয়োগ দ্বারা ঘোষণাপত্রের বয়ান এই নির্দেশিকার সঙ্গে সংযুক্ত করা হল।

(খ) সাধারণের অবগতির জন্য প্রত্যেক প্রার্থীর দাখিল করা ঘোষণাপত্র সংশ্লিষ্ট নির্বাচন আধিকারিক (Returning Officer) তার দপ্তরের এবং সংশ্লিষ্ট নির্বাচনক্ষেত্রের গ্রাম পঞ্চায়েতের নোটিস বোর্ডে প্রকাশের ব্যবস্থা করবেন এবং ঘোষণাপত্রগুলির অনুলিপি অন্যান্য প্রার্থী ও সংবাদমাধ্যমের প্রতিনিধিদের প্রয়োজনে সরবরাহের ব্যবস্থা রাখবেন, এবং

(গ) যদি প্রতিদ্বন্দ্বী প্রার্থী / প্রার্থীগণ ঘোষণাপত্রে উল্লিখিত কোন তথ্যের বিরুদ্ধে হলফনামা পেশ করেন, তখন সেই হলফনামাও প্রার্থীর ঘোষণাপত্রের সাথে একইভাবে প্রচার ও প্রদর্শন করতে হবে।

৫. সকল নির্বাচক আধিকারিকগণ (Returning Officer) অবশ্যই ঘোষণাপত্রের বয়ানটি সমস্ত প্রার্থীদের মনোনয়নপত্রের নমুনার সাথে সরবরাহ নিশ্চিত করবেন।

রাজ্য নির্বাচন আয়োগের
অনুমত্যানুসারে
পশ্চিমবঙ্গ রাজ্য নির্বাচন আয়োগ

সচিব
পশ্চিমবঙ্গ রাজ্য নির্বাচন আয়োগ

নং. ৪৫০/১(২৮)-এসইসি/৬ডি-৮/২০০৮ তারিখ : ১৮ই মার্চ, ২০০৮

প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য প্রত্যায়িত নকল পাঠান হচ্ছে নিম্নলিখিত ব্যক্তি ও প্রতিষ্ঠানের কাছে :

১. জেলা পঞ্চায়েত নির্বাচন আধিকারিক ও জেলা শাসক, ...
এই নির্দেশের অনুলিপি অবিলম্বে সকল পঞ্চায়েত নির্বাচন আধিকারিকের (Returning Officer) নিকট, তা যথাযথভাবে পালন করার জন্য পাঠাতে অনুরোধ করা হচ্ছে । অনুগ্রহ করে ঐ সব আধিকারিকদের আরও নির্দেশ দেবেন যাতে পশ্চিমবঙ্গ পঞ্চায়েত নির্বাচন আইন, ২০০৩-এ প্রদত্ত যোগ্যতা বা অযোগ্যতা নির্ণায়ক ধারাগুলির পরিপ্রেক্ষিতে 'ঘোষণাপত্রে' প্রাপ্ত তথ্য মনোনয়নপত্র পরীক্ষার সময় অবশ্যই বিবেচনা করা হয়।

২. সভাপতি / সাধারণ সম্পাদক / সম্পাদক ....
আপনার দলের সকল প্রার্থীকে নির্দেশ দেবেন যাতে এই আদেশটি প্রতিপালিত হয় এবং প্রার্থীরা তাদের মনোনয়নপত্রের সঙ্গে অবশ্যই ঘোষণাপত্রটি জমা দেয়।

৩. মুখ্য সচিব, পশ্চিমবঙ্গ সরকার।

৪. প্রধান সচিব, পঞ্চায়েত ও গ্রামীণ বিকাশ দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার।

সচিব
পশ্চিমবঙ্গ রাজ্য নির্বাচন আয়োগ

প্রার্থীর জমাকৃত মনোনয়নপত্রের সঙ্গে ঘোষণাপত্র

পঞ্চায়েত নির্বাচন

.... গ্রাম পঞ্চায়েত / পঞ্চায়েত সমিতি / জেলা পরিষদ

.... ক্ষেত্র হইতে নির্বাচনের জন্য

আমি, ... পুত্র / কন্যা / স্ত্রী ....

.... , বয়স .... বছর ....

.... এই ঠিকানায়

বসবাসকারী, উপরিউক্ত নির্বাচনের প্রার্থী নিম্নলিখিত ঘোষণা করছি (অপ্রয়োজনীয় অংশ বর্জন করবেন)

১। আমি অতীতে বিধি অনুসারে গঠিত ফৌজদারি আদালতের দ্বারা মামলায় দন্ডপ্রাপ্ত, যাহার পূর্ণাঙ্গ বিবরণ নিম্নে ঘোষণা করছি :

(ক) মামলা নং :

(খ) অপরাধের বিবরণ এবং আইনের ধারা :

(গ) যে আদালত দ্বারা দন্ডপ্রাপ্ত তার নাম :

(ঘ) চূড়ান্ত দন্ডপ্রাপ্তির তারিখ :

(ঙ) কতদিনের জন্য কারাবাস এবং / বা কত আর্থিক জরিমানা ধার্য হয়েছে :

(চ) শাস্তির বিরুদ্ধে কোন আপিল বা রায় পুনর্বিবেচনার জন্য কোন আবেদন করা হয়ে থাকলে তার বিবরণ

২। আমার বিরুদ্ধে নিম্নলিখিত বিচারাধীন মামলা / মামলাগুলি বিধিসম্মতভাবে বিচারের জন্য আদালতের দ্বারা গৃহীত হয়েছে এবং বর্তমানে বিচারাধীন আছে :

(ক) আইনের ধারা নং এবং অপরাধের বিবরণ :

(খ) মামলা নং :

(গ) যে আদালতে বিধিসম্মতভাবে মামলা গৃহীত হয়েছে :

(ঘ) আদালত দ্বারা মামলা বিচারের জন্য গৃহীত হওয়ার তারিখ :

(ঙ) উপরিউক্ত নির্দেশের বিরুদ্ধে কোন আপিলের / :

পুনর্বিবেচনার আবেদন ইত্যাদি জমা দেওয়া হলে
থাকলে তার তারিখ

৩। আমি, আমার এবং আমার স্বামী / স্ত্রী 'র ও আমার উপর নির্ভরশীল ব্যক্তিবর্গের সম্পত্তির বিবরণ নিম্নে ঘোষণা করছি : -

ক্রমিক নং	বিবরণ	নিজ নাম	স্বামী / স্ত্রী র নামে	নির্ভরশীল-১ এর নামে	নির্ভরশীল-২ এর নামে	নির্ভরশীল-৩ ইত্যাদির নামে
১)	নগদ অর্থ					
২)	ব্যাংকে গচ্ছিত অর্থ এবং ব্যাঙ্ক ব্যাতিত অন্য আর্থিক সংস্থায় (NBFI) গচ্ছিত অর্থ					
৩)	অন্য বিনিয়োগ					
৪)	মোটর গাড়ী, মোটর সাইকেল ও স্কুটার (বিবরণ, কি গাড়ী, ইত্যাদি)					
৫)	অলংকার (বিবরণ, ওজন ও দাম)					
৬)	জমি : - অবস্থান - আয়তন (পরিমাপ) - বাজার দর					
৭)	বাড়ী / বাড়ীগুলি : - - অবস্থান - আয়তন (পরিমাপ) - বাজার দর					

* নির্ভরশীল কথার অর্থ যে বা যারা আর্থিক দিক থেকে প্রার্থীর উপর একান্ত নির্ভরশীল ।

৪। নিম্নে, সরকারের কাছে, পুর ও পঞ্চায়েত সংস্থায় এবং আর্থিক সংস্থাযগুলির কাছে আমার মোট দেনার বিবরণ জানাচ্ছি

(অনুগ্রহ করে প্রতিটি বিষয়ের বিবরণ আলাদা আলাদা করে দিন)

ক্রমিক নং	বিবরণ	ব্যাঙ্ক / আমানত সংস্থা(গুলি) / সরকারী দপ্তর(গুলির) নাম ও ঠিকানা	কত অর্থ (টাকা) বাকী .... তারিখে
(৪) (১)	ব্যাঙ্ক / আমানত সংস্থা থেকে ধারের পরিমাণ		
(৪) (২)	পঞ্চায়েতগুলিতে এবং পৌরসভাগুলিতে বাকীর পরিমাণ		
(৪) (৩)	সরকারী দপ্তরে বাকী (যেমন, ধারবাবদ ও কর বাবদ, ইত্যাদি)		

৫। আমার শিক্ষাগত যোগ্যতা :

৬। আমার উপজীবিকা / পেশা :

৭। আমার বাৎসরিক আয় :

....

প্রার্থীর সম্পূর্ণ স্বাক্ষর তারিখ সহ

আমি শ্রী...
এতদ্বারা ঘোষণা করছি যে উপরের বিবরণীটি আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য এবং কোন উল্লেখযোগ্য তথ্য গোপন করা হয়নি।

সাক্ষীদের স্বাক্ষর ও ঠিকানা

১।

২।

....

প্রার্থীর স্বাক্ষর ও তারিখ

* সাক্ষীদের নাম অবশ্যই ভোটার তালিকার সেই অংশে অন্তর্ভূক্ত হওয়া চাই, যে ক্ষেত্র থেকে প্রার্থী প্রতিদ্বন্দীতা করছেন ।